

“সুরলোকে বেজে ওঠে শঙ্খ
নরলোকে বাজে জয়ডঙ্ক-
এলো মহা জন্মের লগ্ন।
আজি অমরাত্রির দুর্গতোরণ যত
ধূলিতলে হয়ে গেল ভগ্ন।”

রবীন্দ্র জন্মদিবস উপলক্ষে প্রভাতী অনুষ্ঠান

৮ই মে, ২০২২ রবিবার

সময় :
সকাল ৬.৩০ মিঃ

স্থান :
রবীন্দ্রভবন প্রাঙ্গণ
কোপারনিকাস মার্গ
নিকটস্থ মেট্রো স্টেশন
মান্ডি হাউস

সকলে আমন্ত্রিত

Posted on 8th & 9th May, 2022 from New Delhi PSO
Date of Publishing 6th
May, 2022

Total pages 7

RNINO - DELBEN/2001/2869
POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20

অ্যাসোসিয়েশন সংবাদ-২৫১

ASSOCIATION SAMBAD

May - 2022 Volume 23 No.6

Price Rupee One

বেঙ্গল
সংস্কৃতি

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

সম্পাদকের ডেস্ক থেকে

বৈশাখের তীব্র দাবদাহে জ্বলন্ত দিল্লির বাতাসে গরম হাওয়ার হাহাকার। যথারীতি দিল্লির বহু জায়গায় জলসঙ্কট দেখা দিয়েছে। সাধারণ মানুষ একটু স্বস্তির জন্য বৃষ্টির আশায় চাতক পাখির মতো ছুটফুট করছে। দীর্ঘ দুই বছর ধরে মহামারীর অন্ধকার কাটিয়ে আবার আমরা নতুনভাবে কাজ শুরু করেছি। তবুও মাঝে মাঝেই আবার নতুন করে এই উপসর্গ মাথা চাড়া দিয়ে ওঠার চেষ্টা করছে। যদিও সরকার এবং সাধারণ মানুষ এখন অনেকটাই সচেতন।

বিগত মাসগুলিতে বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বাংলা সিনে উৎসব, সেরা বাঙালি সম্মানপ্রদান উৎসব এবং বইমেলা ও সাহিত্য উৎসবের আয়োজন করতে সক্ষম হয়েছি। এছাড়া নতুন বছরকে আহ্বান জানিয়ে বর্ষবিদায় বর্ষবরণ অনুষ্ঠান করা হয়েছে।

মে মাসটি সংস্কৃতি মনস্ক বাঙালির কাছে একটি বিশেষ মাস, কারণ এই বৈশাখ মাস বাঙালির প্রাণের মানুষ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মমাস। বাঙালির প্রতিটি ভাবধারায়, অনুষ্ণে, জীবনবোধে তিনি মিলে আছেন, মিশে আছেন। দীর্ঘ দুই বছর আমরা এই উৎসবের আয়োজন বন্ধ রাখতে বাধ্য হয়েছিলাম। দুই বছর পর আগামী ৮ই মে, ২০২২ কবির জন্মজয়ন্তী উপলক্ষে আবার আগের মতো রবীন্দ্র ভবন প্রাঙ্গণে প্রভাতী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

যথারীতি বিগত দিনের মতই আমরা রবীন্দ্রভবন প্রাঙ্গণে এই উৎসবের আয়োজন করেছি। যেখানে দিল্লির বাংলা বিদ্যালয়ের ছাত্রছাত্রীসহ বহু রবীন্দ্রানুরাগী মানুষ একত্রে এই উৎসবে সামিল হবেন। আবার আগের মতই দিল্লির বাঙালি রবীন্দ্র সঙ্গীত, কবিতা এবং নৃত্যের মাধ্যমে সবাই তাদের প্রাণের ঠাকুরকে শ্রদ্ধানিবেদন করবেন। সেই ভাবেই সবরকম ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সকলকে এই অনুষ্ঠানে অংশগ্রহণ করার আহ্বান জানাই।

এই রবিমাসে দিল্লির বহু সাংস্কৃতিক সংস্থা রবীন্দ্র জয়ন্তী পালন করেন তাঁদের অনুষ্ঠানের সাফল্য কামনা করি।

এই বছর ১৯শে জুন সন্ধ্যা ৬টায় বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজন করতে চলেছে বার্ষিক সাধারণ সভা। অ্যাসোসিয়েশনের সমস্ত সদস্যদের এই সভায় যোগদান করার জন্য অনুরোধ করা হচ্ছে।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রতিটি কাজে আমরা আপনাদের অকুণ্ঠ সাহায্য ও সহযোগিতা পেয়েছি তার জন্য আমরা কৃতজ্ঞ। আশা করি এই ভাবেই আপনারা আমাদের পাশে থাকবেন।


অ্যাসোসিয়েশন সংবাদ

আগামী ৮ই মে, রবিবার ২০২২ রবীন্দ্রভবন প্রাঙ্গণে সকাল ৬টা ৩০মিঃ থেকে শুরু হবে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিবস উপলক্ষে প্রভাতী অনুষ্ঠান। আমাদের অভিনন্দন।

আগামী ১৯শে জুন, ২০২২ বেঙ্গল অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে মুক্তধারা প্রেক্ষাগৃহে, সন্ধ্যা ৬টায়। আমাদের শুভেচ্ছা।

গত ১লা মে, ২০২২ বঙ্গ সংস্কৃতি ভবন ট্রাস্ট ও বেঙ্গল অ্যাসোসিয়েশনের ম্যানেজার শ্রী শুভাশিষ সান্যালের বিদায় সম্বর্ধনা উপলক্ষে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে শুভাশিষ সান্যালের ভবিষ্যৎ জীবনের নতুন দিগন্ত উন্মোচিত হোক এই কামনা করি। সেই সঙ্গে অ্যাসোসিয়েশনের নতুন ভারপ্রাপ্ত ম্যানেজার শ্রী প্রবীর ভৌমিককে নতুন কর্মজীবনের জন্য অভিনন্দন জানাই।

লক্ষ্মীনগর কালী মন্দিরের নতুন কর্মসমিতি ২০২২-এর কার্যভার গ্রহণ করেছেন। নবগঠিত কর্মসমিতির সভাপতি কাশিনাথ মাইতি, সহ সভাপতি কে.এল.ঘোষ, দেবেন্দ্র ঠাকুরাল, এস.কে. চ্যাটার্জি, সাধারণ সম্পাদক শ্রী উজ্জ্বল কুমার দত্ত। আমাদের অভিনন্দন।



শিল্পী মোঃ প্রদীপ



রবীন্দ্রজয়ন্তী
উপলক্ষ্যে

প্রভাতী অনুষ্ঠান

৮ই মে, রবিবার, সকাল ৬:৩০
রবীন্দ্র ভবন প্রাঙ্গণে

‘মুক্তধারা পুস্তক বিপণী’

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি পরিচালিত মুক্তধারা পুস্তক বিপণীর কাজ বর্তমান সময়েও অব্যাহত আছে। সেই পরিপ্রেক্ষিতে জানাই আমাদের পুস্তক বিপণীর পুস্তকের নাম ও মূল্যতালিকা বেঙ্গল অ্যাসোসিয়েশনের ওয়েবসাইটে দেওয়া আছে। আপনাদের পছন্দের বই সহজেই সেখান থেকে পছন্দ করে ন্যূনতম ৩০০ টাকার বই-এর অর্ডার দিলে আমরা সেই বই আপনাদের ঠিকানায় পৌঁছে দেব।

কবিপক্ষে রবীন্দ্র-সাহিত্যের উপর ১৫% বিশেষ ছাড় দেওয়া হচ্ছে।

বই কিনুন, বই পড়ুন, বর্তমান সময়ে আপনাদের একাকীত্ব দূর করতে বইকে আপনার সঙ্গী করুন। এইভাবে সকলের সহযোগিতায় বেঙ্গল অ্যাসোসিয়েশনের সঙ্গে সম্পর্ক সুস্থ ও সুদৃঢ় হয়ে উঠুক।

রাজধানী দিল্লিতে বাংলা বইয়ের
একমাত্র নির্ভরযোগ্য প্রাপ্তিস্থান —
‘মুক্তধারা পুস্তক বিপনী’



ঠিকানা : মুক্তধারা

ভাই বীর সিং মার্গ, গোল মার্কেট, নিউ দিল্লি-১১০০০১

Editor and Publisher Shri Tapan Sengupta
Published on behalf of Bengal Association, New Delhi.
Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487